



## আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

[www.ispr.gov.bd](http://www.ispr.gov.bd)

সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩

তারিখ: ০৭-০৯-২০২৩

### আন্তঃক্যান্টনমেন্ট স্কুল ও কলেজ এর সংসদীয় বিতর্ক প্রতিযোগিতা-২০২৩ অনুষ্ঠিত

ঢাকা, ০৭ সেপ্টেম্বর ২০২৩ঃ আন্তঃক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের সংসদীয় বাংলা বিতর্ক প্রতিযোগিতা-২০২৩ এর সমাপনী আজ বৃহস্পতিবার (০৭ সেপ্টেম্বর ২০২৩) শহিদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজের অডিটোরিয়ামে এবং আন্তঃক্যান্টনমেন্ট ইংলিশ মিডিয়াম স্কুল ও কলেজের সংসদীয় ইংরেজী বিতর্ক প্রতিযোগিতা-২০২৩ এর সমাপনী বারিধারা স্কলার্স ইন্টারন্যাশনাল স্কুল ও কলেজের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত সংসদীয় বাংলা বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জিওসি ও এরিয়া কমান্ডার, লর্জিস্টিকস্ এরিয়া মেজর জেনারেল মোঃ মঈন খান, এনডিসি, পিএসসি এবং সংসদীয় ইংরেজী বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমান্ড্যান্ট, এমআইএসটি মেজর জেনারেল মোহাম্মদ সাইদুল ইসলাম, আরসিডিএস, এনডিসি, পিএসসি।

উল্লেখ্য, সংসদীয় বাংলা বিতর্ক প্রতিযোগিতা-২০২৩ এ স্কুল পর্যায়ে শহিদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস স্কুল ও কলেজ চ্যাম্পিয়ন ও কলেজ পর্যায়ে রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং সংসদীয় ইংরেজী বিতর্ক প্রতিযোগিতা-২০২৩ এ স্কুল পর্যায়ে ক্যান্টনমেন্ট ইংলিশ স্কুল অ্যান্ড কলেজ, চট্টগ্রাম চ্যাম্পিয়ন ও কলেজ পর্যায়ে আদমজী ক্যান্টনমেন্ট কলেজ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বিতর্ক প্রতিযোগিতা শেষে উভয় অনুষ্ঠানদ্বয়ের প্রধান অতিথি বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এছাড়াও, প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানদ্বয়ে সেনাবাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাগণ ছাড়াও অংশগ্রহণকারী স্কুল ও কলেজের সভাপতিবৃন্দ, প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও প্রধান শিক্ষকগণ, মডারেটর ও বিচারকমণ্ডলী, অন্যান্য শিক্ষকবৃন্দ এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

তাছাড়া, সংসদীয় বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ সেনাবাহিনীর ৮টি অঞ্চলের আন্তঃ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ (বাংলা ও ইংরেজী মাধ্যম) অংশগ্রহণ করেন। প্রতিযোগিতাসমূহ গত ০৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ শুরু হয়েছিল।

স্বাক্ষরিত/-

আয়শা ছিদ্দিকা

সহকারী তথ্য অফিসার

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৭